

আশাশুনি উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণি সম্পদ স্থায়ী কমিটির ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :  
সভাপতিঃ- জনাব অসীম বরন চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান, আশাশুনি, সাতক্ষীরা।  
স্থানঃ- উপজেলা পরিষদ মিলনায়তন, আশাশুনি, সাতক্ষীরা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর সংরক্ষিত।

অদ্য ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণি সম্পদ স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও ভাইস চেয়ারম্যান জনাব অসীম বরন চক্রবর্তী। সভাপতি সাহেব সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (ভারপ্রাপ্ত) কে আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপন করতে বলেন। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ- (১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, ৪০ টি নতুন পুরাতন চাষীর পুকুর পরিদর্শন করা হয়। ২৫ জন প্রশিক্ষণ প্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়। ব্যাংক ঋণ প্রাপ্তিতে ২৫ জন চাষীকে সহায়তা প্রদান করা হয়। ৫৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া সার্বক্ষণিকভাবে অফিস ও মাঠ পর্যায়ে মাটি, পানি পরীক্ষা করে মৎস্য সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হচ্ছে।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় আরো জানান যে, চলতি জুন/২০২২ মাসে ৫০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়াও মৎস্য সম্পদ সংরক্ষনে নিয়মিত ভাবে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সবাই একমত পোষন করেন।

সিদ্ধান্তঃ- (১) পুকুর পরিদর্শন, চিংড়ি খামার পরিদর্শন, ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান, মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা ও মাছ চাষীদের প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান এবং মাটি, পানি পরীক্ষা করে মৎস্য সেবায় উন্নয়ন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।  
আগামী ১৬-১৮ জুন ২০১৯ তে প্রশিক্ষণ সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ- (২) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত ৩ মাসে ১২০০ টি গবাদিপশুর কৃত্রিম প্রজনন প্রদান করা হয়, ১৮০০ টি গবাদি পশু এবং ১৮০০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়। তাছাড়া প্রতিদিন গবাদি পশু ও হাঁস মুরগী অফিসে ও মাঠ পর্যায়ে চিকিৎসা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ- (২) গবাদি পশুর কৃত্রিম প্রজনন, টিকা দান কর্মসূচী, গবাদি পশু ও হাঁস মুরগীর চিকিৎসা প্রদান এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত

অসীম বরন চক্রবর্তী  
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি  
মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী  
কমিটি


আশাশুনি, সাতক্ষীরা।

তারিখঃ- ৩০/০৬/২০২২ খ্রিঃ।

পত্র নং- ৩৩.০২.৮৭০৪.৫০১.৭৬.০০১.২২.১১৪ /১(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। ----- কর্মকর্তা, আশাশুনি, সাতক্ষীরা।
- ৪। চেয়ারম্যান, ----- ইউ.পি, আশাশুনি, সাতক্ষীরা।
- ৫। অফিস কপি।

  
৩০/৬/২২

(মোঃ মোস্তাফিজুর রহমান)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব

উপজেলা পরিষদ স্থায়ী কমিটি

আশাশুনি, সাতক্ষীরা।